

বাংলাদেশ

আস-সুন্নাহ ফাউন্ডেশনের ‘মেধাবী’ প্রকল্প

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আবাসনে সাক্ষাৎকার শুরু ১৪ জুন

প্রতিবেদক জগন্নাথ বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ০১ জুন ২০২৫, ২২: ৩৯



গত ১০ ডিসেম্বর শিক্ষার্থীদের আবাসন-সংকট নিরসনে বিশ্ববিদ্যালয়টির সঙ্গে আস-সুন্নাহ ফাউন্ডেশনের চুক্তি সই হয়েছে। বিশ্ববিদ্যালয়ের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক মো. শেখ গিয়াস উদ্দিন ও আস-সুন্নাহ ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক সাব্বির আহমদ ছবি: বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য আস-সুন্নাহ ফাউন্ডেশন পরিচালিত ‘মেধাবী’ প্রকল্পের আওতায় হলে আসন বরাদ্দের লক্ষ্যে ১৪ জুন সাক্ষাৎকার গ্রহণ শুরু হবে। রোববার বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক মো. শেখ গিয়াসউদ্দিন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আস-সুন্নাহ ফাউন্ডেশন পরিচালিত মেধাবী প্রকল্পে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ৫৪০ শিক্ষার্থী আবেদন করেছেন। ১৪ জুন শুরু হয়ে তিন দিনব্যাপী তাঁদের সাক্ষাৎকার কার্যক্রম চলবে। আবেদনকারী শিক্ষার্থীদের সাক্ষাৎকার ক্রমিক নম্বর অনুযায়ী নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

প্রথম ধাপে ১ থেকে ২০০ ক্রমিক পর্যন্ত শিক্ষার্থীদের সাক্ষাৎকার নেওয়া হবে ১৪ জুন। দ্বিতীয় ধাপে ২০১ থেকে ৪০০ ক্রমিক পর্যন্ত শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে ১৫ জুন। তৃতীয় ধাপে ৪০১ থেকে ৫৪০ ক্রমিক পর্যন্ত আবেদনকারীদের সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে ১৬ জুন।

তিন দিনব্যাপী এ সাক্ষাৎকার কার্যক্রম প্রতিদিন সকাল ১০টায় শুরু হবে। আবেদনকারীদের নির্ধারিত দিন ও সময় অনুযায়ী উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়েছে।

এ ছাড়া যেসব শিক্ষার্থী অনলাইনে আবেদন করেছেন, কিন্তু এখনো জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিসে আবেদনপত্রের হার্ডকপি জমা দেননি, সাক্ষাৎকারে অংশ নিতে তাঁদের আবশ্যিক আবেদনপত্রের হার্ডকপি সঙ্গে আনতে হবে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, হার্ডকপি ছাড়া কোনো আবেদনকারীর সাক্ষাৎকার গ্রহণ করা হবে না। সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে দক্ষিণ কেরানীগঞ্জের পোর্ট কনটেইনার রোডে অবস্থিত মেধাবী প্রকল্প কার্যালয়ে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, আবেদনকারী শিক্ষার্থীদের সুবিধার্থে নির্ধারিত তারিখগুলোতে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে সাক্ষাৎকার কেন্দ্রে যাতায়াতের জন্য বাস সার্ভিস চালু থাকবে। সকাল ৯টা ১৫ মিনিটে ও সকাল ১০টা ১৫ মিনিটে দুটি বাস ক্যাম্পাস থেকে ছেড়ে যাবে।

গত ২০ মে আস-সুন্নাহ ফাউন্ডেশন পরিচালিত মেধাবী প্রকল্পের আওতায় শিক্ষার্থীদের হলে আসন বরাদ্দে বিজ্ঞপ্তি প্রকাশ করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, আস-সুন্নাহ ফাউন্ডেশন পরিচালিত মেধাবী প্রকল্পে প্রাথমিকভাবে ৫০০ ছাত্রের আবাসনের লক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের (১৯তম ব্যাচ, প্রথম বর্ষ) আগ্রহী ছাত্রদের ২৭ মের মধ্যে গুগল লিংক এবং সরাসরি আবেদন ফরমে আবেদন করতে বলা হয়।

